# Times Today BD

হিমেল আহমেদ অপি | ঢাকা | 13 April, 2025

শরীয়তপুর জেলা শহরের ধানুকা এলাকায় একটি বসতবাড়িতে হামলা, ভাঙচুর ও লুটপাটের অভিযোগ উঠেছে।এতে আহত হয়েছেন একই পরিবারের দুইজন।শনিবার (১২ এপ্রিল) দিবাগত রাত ২টার দিকে এ ঘটনা ঘটে।রবিবার সকালে ৭ জনের নাম উল্লেখসহ অজ্ঞাত ৫/৬ জনের বিরুদ্ধে পালং মডেল থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন ভুক্তভোগী পরিবারের সদস্য খোকন মোল্লা।

স্থানীয় ও পরিবার সূত্রে জানা যায়, ধানুকা এলাকার বাসিন্দা ওহাব আলী মোল্লার ছেলে খোকন মোল্লার সঙ্গে প্রতিবেশী ইয়াছিন বেপারীর পরিবারের দীর্ঘদিনের পারিবারিক বিরোধ চলছিল।শনিবার রাত সাড়ে ৮টার দিকে বিষয়টি সমাধানে একটি সালিশি বৈঠক ডাকা হয়, তবে প্রতিপক্ষরা তা উপেক্ষা করে চলে যায়।রাত আনুমানিক ২টার দিকে আলম বেপারী, ইয়াছিন বেপারী, কামাল, জয়নাল, ইউনুস, বিল্লাল, জলিলসহ ১২-১৩ জন দেশীয় অস্ত্র নিয়ে খোকনের বাড়িতে হামলা চালায় বলে অভিযোগ।হামলায় খোকন মোল্লা ও তাঁর বোন আলেয়া বেগম গুরুতর আহত হন।স্থানীয়রা তাঁদের উদ্ধার করে শরীয়তপুর সদর হাসপাতালে ভর্তি করেন।

খোকন মোল্লা অভিযোগ করেন,হামলাকারীরা আমার বসতঘরের স্টিলের আলমারি ও শোকেস ভাঙচুর করে।আলমারিতে থাকা নগদ ২ লাখ টাকা ও আনুমানিক ১১ লাখ টাকা মূল্যের ৭ ভরি ১০ আনা স্বর্ণালঙ্কার নিয়ে যায়।ভাঙচুর ও লুটপাটে প্রায় ১ লাখ টাকার ক্ষতি হয়েছে।

অভিযোগ অস্বীকার করে ইয়াছিন বেপারী বলেন,আমরা কোনো হামলায় জড়িত নই।সব অভিযোগ মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্যপ্রণোদিত।বরং খোকন মোল্লারাই উল্টো আমাদের ক্ষতিসাধনের চেষ্টা করেছে।আমরা এ ঘটনার সুষ্ঠু বিচার চাই।

পালং মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) হেলাল উদ্দিন বলেন, ঘটনার বিষয়ে অভিযোগ পেয়েছি।তদন্ত করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

শরীয়তপুর ভাঙচুর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:39

URL: https://www.timestodaybd.com/dhaka/724775807